

মুগ্ধত্ব

সংঘর্ষের ঘটনায় রাবি প্রশাসনের তদন্ত কমিটি

👤 রাবি প্রতিনিধি

⌚ ১৩ মার্চ ২০২৩, ২২:৩৮:৩০ | অনলাইন সংক্ষরণ



স্থানীয়দের সঙ্গে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শিক্ষার্থীদের সংঘর্ষের ঘটনায় পাঁচ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সোমবার বিকালে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে তথ্যটি জানানো হয়েছে।

রাবি উপ-উপাচার্য অধ্যাপক মো. হুমায়ুন কবীরকে সভাপতি করে গঠিত এ কমিটির অন্য সদস্যরা হলেন- রসায়ন বিভাগের অধ্যাপক তারিকুল হাসান, অর্থনীতি বিভাগের অধ্যাপক আব্দুর রশিদ সরকার, বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য মো. শফিকুজ্জামান জোয়ার্দার ও সহকারী প্রষ্টর ড. আরিফুর রহমান।

কমিটিকে আগামী সাত কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। কমিটির কার্যকাল মঙ্গলবার থেকে শুরু হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯

থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,

ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023